

আপনার সমস্যা-পরামর্শ
চট্টগ্রাম সিটি কর্পোরেশনের
১৬১০৪ নম্বরে জানান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
রাজস্ব বিভাগ
এস্টেট শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত ও আধুনিক আত্মবাদ সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটের ৫ম তলা ফুড কোর্ট বরাদ্দের উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (৩য় বার)

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন আত্মবাদ সিঙ্গাপুর ব্যাংকক মার্কেটটি আধুনিক ও দৃষ্টিনন্দন করে সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার আওতায় আনা হচ্ছে। এ প্রেক্ষিতে কিডস্ জোন ও সিনেপ্লেক্স সুবিধা সম্বলিত ৫ম তলায় ৩৭টি (কম/বেশি) ফুড কোর্ট বরাদ্দ প্রদানের জন্য (পাঁচ বছর পর পর নবায়নযোগ্য) দরখাস্ত আহ্বান করা হচ্ছে। প্রতি বর্গফুট দোকানের ন্যূনতম উন্নয়ন চার্জ ১৮,০০০/- (আঠার হাজার) টাকা ও ন্যূনতম ভাড়া প্রতি বর্গফুট ১০/- (দশ) টাকা। প্রতি বর্গফুট উন্নয়ন চার্জ ও মাসিক ভাড়া উল্লেখপূর্বক জামানত হিসেবে ৫০% পে-অর্ডার মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকূলে জমা প্রদান করতে হবে। আগামী ১২/০৭/২০১৮খ্রিঃ তারিখে সিটি কর্পোরেশনের ২য় তলায় রক্ষিত বক্সে বেলা ১.০০ ঘটিকার মধ্যে দরপত্র দাখিল করতে হবে। উক্ত তারিখে ১.৩০ ঘটিকার সময় দরপত্র বক্স উপস্থিত আবেদনকারীগণের সম্মুখে খোলা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্র দাতাকে সরকার কর্তৃক ধার্যকৃত ভ্যাট, ট্যাক্স, উৎস কর বিধি মোতাবেক পরিশোধ করতে হবে। দরপত্র ফরম প্রতিটি ১,০০০/- টাকা, পে-অর্ডারের মাধ্যমে মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর অনুকূলে (অফেরতযোগ্য) মূল্যে ১১/০৭/২০১৮খ্রিঃ পর্যন্ত জরুরি করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না। উপরে উল্লেখিত ন্যূনতম উন্নয়ন চার্জ ও ভাড়ার উপর সর্বোচ্চ দরদাতাকে ফুড কোর্ট বরাদ্দ প্রদান করা হবে এবং অন্যান্যদের জামানত বিধি মোতাবেক ফেরত প্রদান করা হবে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী এস্টেট শাখায় জানা যাবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন দরপত্র গ্রহণ / বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

খালি ফুড কোর্টসমূহ নিম্নরূপ :

৫ম তলা দোকান # ১, ২, ৩, ৫, ৬, ৭, ৯, ১৩, ১৪, ২৫, ২৮, ৩০, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪২, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০।


কর্তৃপক্ষ
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং-চসিক/রাঃ বিঃ/এস্টেট/ ৭২৫ (৫)/১৫

তারিখ : ২০/৬/১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ২। আই.টি. অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৩। জনসংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, বিজ্ঞপ্তি ২টি স্থানীয় ও ২টি জাতীয় দৈনিক পত্রিকায় ১(এক) দিন প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহকারে প্রেরণ করা হলো।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
- ৫। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।


প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন